

নিঃসঙ্গ ঘরে সময় পালায়

এইখানে বালিশের পাশে পাতা হাত, সিথানে
পাশ ফেরা গালে চূর্ণ কুলতলের ল্যাপটে থাকা,
নিঃশ্বাসে ফুলে ফুলে ওঠা নাকের পাটা, এলোমেলো
রাতের বসন, কি এক সুখ স্বপ্নে ইষৎ হাস্য মুখ –
সব ছিল। একদিন সব ছিল।
এখনো গভীর রাতে অভ্যাসে বাড়ালে হাত শূন্যতা ঠেকে।
মনে হয় এখানেই ছিলে, এখনো বিছান গরম–
হয়তো গিয়েছ কলঘরে, নিঃশব্দে আসবে ফিরে।
প্রতীক্ষায় থাকি, আধোঘুমে প্রতীক্ষায় থাকি,
নিঃসঙ্গ ঘরে সময় পালায়, একি দুঃসহ সময় !
ভয় হয়, চোখ মেললেই তুমি নেই, বিষণ্ণ উদ্বেগ,
তবুও মেলতে হয় বন্ধ চোখ– দেখি তুমি নেই।
তখনি মনে পড়ে তুমি নেই, সেই কবে থেকে তুমি নেই,
দেখেছি যা সব কিছু স্বপ্নের আলো আঁধারিতে,
মিথ্যে সব। তুমি নেই এর চেয়ে সত্য কিছু নয়।

তবুও কি মিথ্যে সব! সব কিছু মিথ্যে হয়ে যায়!
এইখানে বালিশের পাশে পাতা হাত, সিথানে
পাশ ফেরা গালে চূর্ণ কুলতলের ল্যাপটে থাকা,
–সব কিছু মিথ্যে নয়। মনের জানালা খুলে
যতটুকু দেখি, সব মিথ্যে নয়। মিথ্যে নয়।
চোখে দেখা শূন্যতাই শূন্য নয়, স্মৃতি আছে–
সময় পিছিয়ে গেলে মিথ্যে কিছু নয়, মিথ্যে নয় !
চোখের খিড়কি বন্ধ হলে সব কিছু সত্য হয়ে যায়।

ঢাকা : ১৪.০১.২০০৭ মুহম্মদ আবদুস সালাম